ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৯১
আগরতলা,২৩ জুলাই,২০২৫

**মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচি**
**সাহায্য প্রত্যাশীদের বিভিন্ন সমস্যা সমাধানে মুখ্যমন্ত্রীর উদ্যোগ**

সরকারিভাবে চিকিৎসা পরিষেবার সমস্ত সুযোগ সুবিধা রয়েছে রাজ্যে। সুপার স্পেশালিটি পরিষেবাও চালু রয়েছে। সফলভাবে তিন জনের কিডনি প্রতিস্থাপন সম্পন্ন হয়েছে। রাজ্যে উপলব্ধ চিকিৎসা পরিষেবার সুযোগগুলি গ্রহণের জন্য মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সাহায্য প্রত্যাশীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ৪৯তম পর্বে আজ মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে সমস্যা পীড়িত মানুষের সাথে মুখ্যমন্ত্রী সরাসরি কথা বলেন। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত সাহায্য প্রত্যাশীগণের চিকিৎসা, কর্মসংস্থান সহ নানাবিধ সমস্যার কথা মুখ্যমন্ত্রী শুনেন এবং সমস্যা সমাধানে প্রয়োজনীয় উদ্যোগ নেন। আগরতলার উজান অভয়নগরের মতিলাল দেববর্মা তার অসুস্থ ছেলের চিকিৎসার জন্য সহায়তার আর্জি জানান। মুখ্যমন্ত্রী সাথে সাথে শ্রীদেববর্মার ছেলের চিকিৎসায় সহায়তার পাশাপাশি স্বাস্থ্য দপ্তর এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তাকে আর্থিক সহায়তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপের নির্দেশ দেন। বিলোনীয়ার রাঙ্গামুড়ার জয়ন্তী পাল (দাস) হৃদরোগে আক্রান্ত তার স্বামীর চিকিৎসায় সাহায্য চাইলে মুখ্যমন্ত্রী তৎক্ষণাৎ জিবি হাসপাতালের মেডিক্যাল সুপারের সাথে কথা বলে তার স্বামীর চিকিৎসার জন্য বিনামূল্যে ঔষুধপত্র প্রদান সুনিশ্চিত করেন। সাব্রুমের সুকুল মিয়ার স্ত্রী বর্তমানে কিডনিজনিত সমস্যায় ভুগছেন। চিকিৎসকরা তার স্ত্রীর কিডনি প্রতিস্থাপনের পরামর্শ দিয়েছেন। মুখ্যমন্ত্রী সুকুল মিয়ার স্ত্রীর চিকিৎসার যাবতীয় কাগজপত্র দেখে রাজ্যেই কিডনির চিকিৎসা করানোর জন্য পরামর্শ দেন। আগরতলার মৌসুমী ভট্টাচার্য্য, কুমারীটিলার ঝর্ণা দাস তার ছেলের চোখের চিকিৎসা, ছৈলেংটার ভবতোষ সরকার এবং আগরতলার মিলনসংঘের শঙ্কর দেব তার ভাইয়ের চিকিৎসায় সাহায্য চাইলে মুখ্যমন্ত্রী তাদের চিকিৎসায় প্রয়োজনীয় সহায়তা প্রদানের উদ্যোগ নেন এবং মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার সুযোগ নেওয়ারও পরামর্শ দেন। এছাড়াও এদিন করবুকের সঞ্জিব ত্রিপুরা এবং গন্ডাছড়ার থাইয়াং মগ ডাই-ইন-হারনেসে চাকুরির আবেদন জানান। মুখ্যমন্ত্রী এই বিষয়ে মুখ্যমন্ত্রীর সচিব ড. পি কে চক্রবর্তীকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন।

আজকের এই মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে মুখ্যমন্ত্রীর সচিব ড. পি কে চক্রবর্তী, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা.তপন মজুমদার, জিবি হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. শঙ্কর চক্রবর্তী, আই জি এম হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. দেবাশ্রি দেববর্মা, অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. শিরমনি দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন।

*****